

রহমান রহীম আল্লাহ তাআলার নামে

রুকু ২

- ০৭৪-১ হে কব্বল আবৃত (মোহাম্মদ),
- ০৭৪-২ (কব্বল ছেড়ে) গুঠো এবং মানুষদের (পরবালের আযাব সম্পর্কে) সাবধান করো,
- ০৭৪-৩ তোমার মালিকের শ্রেষ্ঠত্ব ঘোষণা করো,
- ০৭৪-৪ আর তোমার পোশাক-আশাক পবিত্র করো,
- ০৭৪-৫ এবং (যাবতীয়) মলিনতা ও অপবিত্রতা পরিহার করো,
- ০৭৪-৬ কখনো বেশী পাওয়ার লোভে কাউকে কিছু দান করো না,
- ০৭৪-৭ তোমার মালিকের (খুশীর) উদ্দেশ্যে ধৈর্য ধারণ করো;
- ০৭৪-৮ যেদিন (সবকিছু ধ্বংস করে দেয়ার জন্যে) শিঙ্গায় ফুঁ দেয়া হবে,
- ০৭৪-৯ সেদিনটি (হবে) সত্যিই বড়ো সাংঘাতিক,
- ০৭৪-১০ (বিশেষ করে এ দিনকে) যারা অস্বীকার করেছে তাদের জন্যে এ (দিন)-টি মোটেই সহজ (বিষয়) হবে না।
- ০৭৪-১১ (তার সাথে বুঝাপড়া করার জন্যে) তুমি আমাকেই ছেড়ে দাও, যাকে আমি অনন্য ধরনের (করে) পয়দা করেছি,

- ০৭৪-১২ তাকে আমি বিপুল পরিমাণ ধনসম্পদ দান করেছি,
- ০৭৪-১৩ (তাকে দান করেছি) সদা সঙ্গী (এক দল) পুত্র সন্তান,
- ০৭৪-১৪ আমি তার জন্যে (যাবতীয় সচ্ছলতার উপকরণ) সুগম করে দিয়েছি,
- ০৭৪-১৫ (তারপরও) যে লোভ করে, তাকে আমি আরো অধিক দিতে থাকবো,
- ০৭৪-১৬ না, তা কখনো হবে না; কেননা সে আমার আয়াতসমূহের বিরুদ্ধাচারণে বদ্ধ পরিকর;
- ০৭৪-১৭ অচিরেই আমি তাকে (শাস্তির) চূড়ায় আরোহণ করাবো;
- ০৭৪-১৮ সে তো (সত্য গ্রহণের ব্যাপারে কিছুটা) চিন্তা-ভাবনাও করেছিলো, তারপর (আবার নিজেই গৌড়ামিতে নিমজ্জিত থাকার) একটা সিদ্ধান্ত করলো,
- ০৭৪-১৯ তার ওপর অভিশাপ, (সত্য চেনার পরও) কেমন করে সে (পুনরায় বিরোধিতার) সিদ্ধান্ত করলো!
- ০৭৪-২০ আবারও তার ওপর অভিশাপ (নাযিন হোক), কিভাবে সে এমন সিদ্ধান্ত করতে পারলো,
- ০৭৪-২১ সে একবার (উপস্থিত লোকদের প্রতি) চেয়ে দেখলো,
- ০৭৪-২২ (অহঙ্কার ও দস্তভরে) সে তার অন্ধুক্ষিত করলো, (অবজ্ঞাভরে নিজেই) মুখটা বিবৃত করে ফেললো,
- ০৭৪-২৩ অতঃপর সে (একটু-) পিছিয়ে গেলো এবং সে অহংকার করলো,
- ০৭৪-২৪ সে (আরো) বললো, এ তো (আগের) লোকদের থেকে প্রাপ্ত যাদু (-বিদ্যার খেল) ছাড়া আর কিছুই নয়,
- ০৭৪-২৫ এ তো মানুষের কথা ছাড়া আর কিছুই নয়;

098-26 অচিরেই আমি তাকে জাহান্নামে প্রবেশ করাবো।

098-29 তুমি কি জানো জাহান্নাম (এর আগুন) কি ধরনের ?

098-28 (এটা এমন ভয়াবহ আযাব) যা (এর অধিবাসীদের জ্বালিয়ে অক্ষত অবস্থায়ও) ফেলে রাখবে না, আবার (শাস্তি থেকে) রেহাইও দেবে না,

098-29 বরং তা মানুষদের গায়ের চামড়া জ্বালিয়ে দেবে,

098-30 তার ওপর (আছে) উনিশ;

098-31 আমি ফেরেশতাদের ছাড়া দোযখের প্রহরী হিসেবে (অন্য কাউকেই) নিযুক্ত করিনি এবং তাদের সংখ্যাকে আমি অবিশ্বাসীদের জন্যে একটি পরীক্ষার মাধ্যম বানিয়ে দিয়েছি, যেন এর মাধ্যমে যাদের ওপর আমার কেতাব নাযিল হয়েছে তারা (আমার কথায়) দৃঢ়ভাবে বিশ্বাস স্থাপন করতে পারে এবং যারা (আগে থেকেই আমার ওপর) ঈমান এনেছে তাদের ঈমানও এতে করে বৃদ্ধি পেতে পারে, (সর্বোপরি) এর ফলে আছিলে কেতাব এবং মোমেনরাও যেন সন্দেহে নিমজ্জিত হতে না পারে, (অবশ্য) যাদের মনে সন্দেহের ব্যাধি রয়েছে এর ফলে তারা এবং সত্য প্রত্যাখ্যানকারী ব্যক্তিরা বলবে, এ (অভিনব) উক্তি দ্বারা আল্লাহ তায়ালা কী বোঝাতে চান? (মূলত) এভাবেই আল্লাহ তায়ালা যাকে চান তাকে গোমরাহ করেন, (আবার একইভাবে) তিনি যাকে চান তাকে সঠিক পথে পরিচালিত করেন; তোমার মান্নিকের (বিশাল) বাহিনী সম্পর্কে তিনি ছাড়া আর কেউই জানে না, (আর দোযখের বর্ণনা-) এ তো স্তম্ভ মানুষদের উপদেশের জন্যেই।

সুকু ২

098-32 না, তা কখনো নয়, (আমি) তাঁদের শপথ (করে বলছি),

098-33 (আরো) শপথ (করছি) রাতের, যখন তা অবসান হতে থাকে,

- ০৭৪-৩৪ শপথ (করছি) প্রভাতকালের যখন তা (দিনের) আলোয় উদ্ভাসিত হয়,
- ০৭৪-৩৫ নিঃসন্দেহে তা হবে (মানুষের জন্যে) কঠিনতম বিপদসমূহের মধ্যে একটি (বিপদ),
- ০৭৪-৩৬ মানুষের জন্যে (তা হবে) ভয় প্রদর্শনকারী,
- ০৭৪-৩৭ তোমাদের মধ্যকার সে ব্যক্তির জন্যে, যে (কল্যাণের পথে) অগ্রসর হতে চায় এবং (অকল্যাণের পথ থেকে) পিছু হটতে মনস্থ করে;
- ০৭৪-৩৮ (এখানে) প্রত্যেক মানুষই নিজের কর্মফলের হাতে বন্দী হয়ে আছে,
- ০৭৪-৩৯ অবশ্য ডান দিকে অবস্থানকারী (নেক) লোকগুলো ছাড়া;
- ০৭৪-৪০ তারা অবস্থান করবে (চিরস্থায়ী) জান্নাতে। (সেদিন) তারা পরস্পরকে জিজ্ঞেস করবে,
- ০৭৪-৪১ (জাহান্নামে নিষ্কিঞ্চ) পাপিষ্ঠদের সম্পর্কে,
- ০৭৪-৪২ (তারা বলবে, হে জাহান্নামের অধিবাসীরা,) তোমাদের আজ কিসে এ ভয়াবহ আযাবে উপনীত করেছে?
- ০৭৪-৪৩ তারা বলবে, আমরা নামাযীদের দলে शामिल ছিলাম না,
- ০৭৪-৪৪ (ক্ষুধার্ত ও) অভাবী ব্যক্তিদের আমরা খাবার দিতাম না,
- ০৭৪-৪৫ (সত্যের বিরুদ্ধে) যারা অন্যায় অমূলক আলোচনায় উদ্যত হতো আমরা তাদের সাথে যোগ দিতাম,
- ০৭৪-৪৬ (সর্বোপরি) আমরা আখেরাতকেও মিথ্যা প্রতিপন্ন করতাম,
- ০৭৪-৪৭ এমনি করে চূড়ান্ত সত্য মৃত্যু (একদিন) আমাদের কাছে হাযির হয়ে গেলো।

- ০৭৪-৪৮ তাই (আজ) কোনো সুপারিশকারীর সুপারিশই তাদের কোনো উপকারে আসবে না;
- ০৭৪-৪৯ (বলতে পারো) এদের কি হয়েছে, এরা এ (সত্য) বাণী থেকে মুখ ফিরিয়ে নিচ্ছে কেন?
- ০৭৪-৫০ (অবস্থাদৃষ্টে মনে হয়) এরা যেন বনের কতিপয় পলায়নপর (ভীত সঙ্কস্ত) গাধা,
- ০৭৪-৫১ যা গর্জনকারী বাঘের আক্রমণ থেকে পাল্লাতেই ব্যস্ত;
- ০৭৪-৫২ কিন্তু তাদের প্রতিটি ব্যক্তিকেই চায়, (স্বতন্ত্রভাবে) উন্মুক্ত গ্রন্থ তাকে দেয়া হোক,
- ০৭৪-৫৩ এটা কখনো সম্ভব নয়, (আসলে) এ লোকেরা শেষ বিচারের দিনস্বর্ণকে মোটেই ভয় করে না;
- ০৭৪-৫৪ না, কখনো তা (অবজ্ঞার বিষয়) নয়, এটি একটি নসীহত মাত্র,
- ০৭৪-৫৫ অতএব (এক্ষণে) যার ইচ্ছা সে যেন (এ থেকে) শিক্ষা গ্রহণ করে;
- ০৭৪-৫৬ (সত্যি কথা হচ্ছে,) আল্লাহ তায়ালার ইচ্ছা ব্যতিরেকে তারা কখনো (এ থেকে) শিক্ষা গ্রহণ করবে না; একমাত্র তিনিই ভয় করার যোগ্য এবং একমাত্র তিনিই হচ্ছেন স্ফুমার মালিক।

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed

Al Quran Academi London

Published as Portable Document Format by: *Mohammad Noor-e-Alam Siddiquee*
More Free Islamic Stuff at www.siddiquee.co.nr